

**REGIONAL NEWS UNIT
ALL INDIA RADIO, AGARTALA
Date: 29-09-2024
Time: 07:55-08:05 PM Hrs
BENGALI EVENING BULLETIN**

Headlines :

- (১) প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী বলেছেন ভারত উৎপাদনের ক্ষেত্রে শক্তি কেন্দ্রে পরিনত হয়েছে।
- (২) চাঁদা আদায়ে কোনো রকম জুলুমবাজি হলে কঠোর ব্যবস্থা গ্রহণ করবে পুলিশ - জানালেন পশ্চিম জেলার পুলিশ সুপার ।
- (৩) কেন্দ্রীয় আয়ুষ প্রতিমন্ত্রী প্রতাপরাও যাদব জানিয়েছেন নতুন সরকারের প্রথম ১০০ দিনের মধ্যে আয়ুষকে শক্তিশালী করার ক্ষেত্রে উল্লেখযোগ্য অগ্রগতি ঘটেছে ।
- (৪) রাজ্য ভিত্তিক অনূর্ধ্ব ১৭ হ্যান্ডবল প্রতিযোগিতায় বালক ও বালিকা বিভাগে চ্যাম্পিয়ান খোয়াই জেলা ।

Maan ki Baat:

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী বলেছেন যে, ভারত উৎপাদনের ক্ষেত্রে শক্তি কেন্দ্রে পরিনত হয়েছে। 'মেক ইন ইন্ডিয়া' উদ্যোগের জন্যই এই সাফল্য। আজ মন কি বাতের ১১৪ তম পর্বে প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী একথা বলেন। অনুষ্ঠানে প্রধানমন্ত্রী স্বচ্ছ ভারত কর্মসূচির সাফল্য উল্লেখ করে বলেন যে আগামী মাসে এই কর্মসূচি ১০ বছরে পদার্পণ করবে। "এক পেড় মা কে নাম"

কর্মসূচিতে জনগনকে যোগদান করার জন্যও প্রধানমন্ত্রী উদ্বুদ্ধ করেন। জল সংরক্ষনের উপরেও তিনি গুরুত্ব আরোপ করেন।

আজকের অনুষ্ঠানে প্রধানমন্ত্রী বলেন যে আগামী তেসরা অক্টোবর মন কি বাত ১০ বছরে পদার্পণ করবে। এই সময়ের মধ্যে দেশের প্রতিটি প্রান্ত থেকে কোটি কোটি শ্রোতা তার সঙ্গী হয়েছেন। তাকে নানা তথ্য যোগান দিয়েছেন। প্রধানমন্ত্রী আকাশবাণী, দূরদর্শন এবং প্রসার ভারতীর কর্মীদের প্রশংসা করে বলেন যে এদের নিরলস প্রয়াসেই মন কি বাত আজ এই গুরুত্বপূর্ণ মাইলফলক অর্জন করেছে। বিভিন্ন টিভি চ্যানেল, সংবাদপত্র এবং ইউটিউবার যারা মন কি বাতের সম্প্রচার করেন এবং এই সংক্রান্ত নানা অনুষ্ঠানেরও প্রচার করেন তিনি তাদের ধন্যবাদ জানান। প্রধানমন্ত্রী আসন্ন উৎসব, নবরাত্রি উপলক্ষে সকলকে শুভেচ্ছা জানান।

মন কি বাত অনুষ্ঠানে প্রধানমন্ত্রী প্রসার ভারতী, আকাশবাণী এবং দূরদর্শনের প্রশংসা করার প্রসার ভারতী চেয়ারম্যান নবনীত সেহগ্যাল কৃতজ্ঞতা প্রকাশ করেছেন।

মুখ্যমন্ত্রী অধ্যাপক ডা: মানিক সাহা আজ ৬ আগরতলা মন্ডলের ২০ নম্বর বুথে মন কি বাত অনুষ্ঠানে প্রধানমন্ত্রীর আলোচনা শুনেন।

CM-Meeting:

রাজ্যের আইন-শৃঙ্খলা সুদৃঢ় করা এবং সাম্প্রতিককালে সংগঠিত চাঁদা সংক্রান্ত কিছু বিষয় নিয়ে আগামীকাল পুলিশের আধিকারিকদের সঙ্গে বৈঠক করবেন মুখ্যমন্ত্রী অধ্যাপক ডা: মানিক সাহা।

এদিকে, পশ্চিম জেলার পুলিশ সুপার কিরণ কুমার কে আজ এক সাংবাদিক সম্মেলনে জানান সবগুলি ক্লাবকেই সতর্ক করা হয়েছে চাঁদা আদায়ের জন্য কোন রকম জুলুমবাজী হলে পুলিশ কঠোর ব্যবস্থা নেবে। তিনি জানান, চাঁদার জুলুমবাজির অভিযোগে আগরতলার উদিচী ক্লাব কে দুর্গাপূজা করার অনুমতি দেয়া হয়নি। তিনি আরো জানান আগামীকাল জেলার সমস্ত ক্লাবগুলিকে নিয়ে এক সভার আয়োজন করা হয়েছে। তিনি বলেন মুখ্যমন্ত্রী পূজার চাঁদা নিয়ে কোন ধরনের জুলুমবাজীর বিরুদ্ধে কঠোর ব্যবস্থা গ্রহণের নির্দেশ দিয়েছেন। পুলিশ সুপার জানান এবছর পশ্চিম জেলায় ৯০০টি দুর্গাপূজা হবে বলে আশা করা হচ্ছে। এবছর দুর্গাপূজা শান্তিপূর্ণভাবে সম্পন্ন করতে পশ্চিম জেলায় তিন হাজার টি এস আর এবং জেলা পুলিশ মোতায়েন করা হবে। আগরতলায় ২৫৩টি ফিক্সড পিকেট, ৩০টি সিসিটিভি, ৬০টি পুলিশ এসিস্ট্যান্ট বুথ ইত্যাদির ব্যবস্থা করা হয়েছে বলে পুলিশ সুপার জানান। পশ্চিম জেলাশাসক বিশাল কুমার দুর্গাপূজা সুন্দর এবং শান্তিপূর্ণভাবে সম্পন্ন করার জন্য সকলের প্রতি আহ্বান জানান।

World Heart Day:

আজ বিশ্ব হৃদয় দিবস। হৃদরোগ সম্পর্কে সকলকে সচেতন করার লক্ষ্যে এই দিবসটি পালন করা হয়। এ উপলক্ষ্যে আজ কেন্দ্রীয় মন্ত্রী কিরেন রিজিজু নয়াদিল্লীর ইন্ডিয়া গেট থেকে ভারত মন্ডপম পর্যন্ত ৩ কিলোমিটার ম্যারাথন দৌড়ের সূচনা করেন।

এই উপলক্ষে আগরতলার আনন্দময়ী আশ্রমে আজ স্বাস্থ্য শিবিরের আয়োজন করা হয়। রোটারি ক্লাব অব আগরতলা সিটির উদ্যোগে এবং কোলকাতার মেডিকা হসপিটাল এর সহযোগিতায় এই শিবিরে ১০০র বেশি রোগী চিকিৎসা পরিষেবার সুযোগ গ্রহণ

করেন। অনুষ্ঠানে উপস্থিত ছিলেন রোটারি ক্লাব অব আগরতলা সিটি সভাপতি ডঃ নিহার রঞ্জন দাস, সম্পাদক আশিষ সেন সহ অন্যান্যরা।

100 days NDA:

কেন্দ্রীয় আয়ুষ প্রতিমন্ত্রী প্রতাপরাও যাদব জানিয়েছেন নতুন সরকারের প্রথম ১০০ দিনের মধ্যে পরম্পরাগত ভারতীয় চিকিৎসা পদ্ধতির প্রচার-প্রসার এবং আন্তর্জাতিক সহযোগিতা আয়ুষকে শক্তিশালী করার ক্ষেত্রে উল্লেখযোগ্য অগ্রগতি ঘটেছে। তিনি বলেন, “আয়ুষ মন্ত্রক আয়ুস্মান ভারত-প্রধানমন্ত্রী জন আরোগ্য যোজনার অধীনে আয়ুর্বেদিক চিকিৎসা প্যাকেজগুলিকে অন্তর্ভুক্ত করার জন্য সম্প্রতি পর্যালোচনা বৈঠক অনুষ্ঠিত হয়। বৈঠকে আয়ুষ চিকিৎসাকে মূলধারার স্বাস্থ্যসেবার সাথে অন্তর্ভুক্ত করতে ১৭০টি আয়ুর্বেদিক চিকিৎসার প্যাকেজ চূড়ান্ত করা হয়েছে। তিনি বলেন, কেন্দ্রীয় আয়ুষ মন্ত্রক বর্তমান সরকারের প্রথম ১০০ দিনের মধ্যে বৃদ্ধ নাগরিকদের জন্য দশ হাজার স্বাস্থ্য ও পরিচর্যা শিবির আয়োজন করার লক্ষ্যমাত্রা নেওয়া হয়। বাস্তবে সেই লক্ষ্যমাত্রা অতিক্রম করে সারা দেশে ১৪,৬৯২ টি আয়ুষ স্বাস্থ্য শিবিরের আয়োজন করা হয়।

Swacchata Hi Seva:

নগরোন্নয়ন দপ্তরের অধিকর্তা রজত পন্থ জানান, সচ্ছতা অভিযানে সারা দেশে ত্রিপুরা এখন পর্যন্ত পঞ্চম স্থানে রয়েছে। আগামী ২ অক্টোবর অভিযানের সমাপ্তি দিনে এসম্পর্কিত চূড়ান্ত তথ্য জানা যাবে বলে জানান শ্রী পন্থ জানান। আকাশবাণীর সংবাদ বিভাগের সঙ্গে এক সাক্ষাৎকারে তিনি একথা বলেন।

Special Talk:

পক্ষকালব্যাপী স্বচ্ছতা অভিযানে রাজ্যেও চলছে বিভিন্ন কর্মসূচী। বিভিন্ন দপ্তর একত্রিত হয়ে কাজ করছে। এই নিয়ে আজ আকাশবাণীর সংবাদ বিভাগের বিশেষ আলোচনা শোনা যাবে রাত ৯টা ৩০মিনিটে আকাশবাণী আগরতলা কেন্দ্র থেকে।

Safai Abhiyan:

পক্ষকালব্যাপী স্বচ্ছতা হি সেবা অভিযান উপলক্ষে আজ সাব্রুম মহকুমার মনুবাজার দ্বাদশ স্কুলের ছাত্রাবাসে সাফাই অভিযান করেন টিএসআর নবম বাহিনী। বাহিনীর নায়েক সুবেদার লালবাহাদুর দেববর্মার নেতৃত্বে ছাত্রাবাসের আবাসিকরাও অংশ গ্রহণ করেন।

Rally:

ফোরাম ফর প্রোটেকশান অফ মাইনোরিটিজ ইন বাংলাদেশ-এর ডাকে বাংলাদেশে সংখ্যালঘুদের উপর অত্যাচারের প্রতিবাদে আজ আগরতলা শহরে প্রতিবাদ বিক্ষোভ মৌন মিছিল সংঘটিত করা হয়। আগরতলা প্রেস ক্লাব প্রাঙ্গন থেকে মিছিল শুরু হয়ে শহরে বিভিন্ন পথ পরিক্রমা করে। শুরুতেই বক্তব্য রাখেন সংগঠনের সভাপতি প্রবীণ সাংবাদিক সুবল কুমার দে, প্রেস ক্লাবের সভাপতি জয়ন্ত ভট্টাচার্য, প্রেস ক্লাবের প্রাক্তন সম্পাদক প্রণব সরকার সহ অন্যান্যরা। মৌন মিছিল শেষে সংগঠনের এক প্রতিনিধি দল রাজ্যপালের সঙ্গে সাক্ষাৎ করে বাংলাদেশ সরকারের উদ্দেশ্যে একটি স্মারকলিপি পেশ করেন।

Sabhyapad Abhijan/ CM:

রাজ্যব্যাপী তেসরা সেপ্টেম্বর থেকে শুরু হয়েছে বিজেপির সদস্য সংগ্রহ অভিযান। আজ মুখ্যমন্ত্রী অধ্যাপক ডাঃ মানিক সাহা ৬ আগরতলা বিধানসভা কেন্দ্রে সদস্য পদ সংগ্রহ অভিযানে অংশগ্রহণ করেন। তিনি বলেন এখন পর্যন্ত সারা রাজ্যে ছয় লক্ষের অধিক সদস্য সংগ্রহ হয়ে গেছে। প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদীর প্রতি আস্থা নিয়ে মানুষ উৎসাহ সহকারে বিজেপির সদস্যপদ সংগ্রহ করছে।

Condolence Meeting:

আজ শান্তিরবাজার মহকুমার পতিছড়ি ড্রপগেইটের বাজার শেডে সিপিআইএমের সর্বভারতীয় সম্পাদক প্রয়াত সীতারাম ইয়েচুরির স্মরণসভা অনুষ্ঠিত হয়। সভায় প্রাক্তন মন্ত্রী নরেশ জমাতিয়া, প্রাক্তন বিধায়ক সুধন দাস প্রমুখ প্রয়াত সীতারাম ইয়েচুরির স্মৃতিচারণ করে বক্তব্য রাখেন।

Blood Donetion:

খয়েরপুরের দলুরা গ্রাম পঞ্চায়েতের সমাজ সংঘ ক্লাব প্রাঙ্গনে আজ রক্তদান শিবিরের আয়োজন করা হয়। শিবিরের উদ্বোধন করেন বিধায়ক রতন চক্রবর্তী। এদিনের শিবিরে ২৬ জন রক্তদাতা রক্তদানে সামিল হন।

Swachhata Hi Seva , Melaghar:

"স্বচ্ছতা ই সেবা-২০২৪" কর্মসূচির অঙ্গ হিসেবে আজ মেলাঘর পুর পরিষদের উদ্যোগে বিভিন্ন কর্মসূচি অনুষ্ঠিত হয়। যুব বিষয়ক ক্রীড়া দপ্তরের সহায়তায় অনুষ্ঠিত হয় পুরুষ ও মহিলা বিভাগের সাইকেল রেলি ও ম্যারাথন দৌড় প্রতিযোগিতা।

Sukanta Academy:

অল ইন্ডিয়া ডিপ্লোমা ইঞ্জিনিয়ারস এসোসিয়েশন এর ১৫ তম দ্বিবার্ষিক সম্মেলন আজ অনুষ্ঠিত হয় সুকান্ত একাডেমী অডিটোরিয়ামে। সম্মেলনের উদ্বোধন করেন আগরতলা পুর নিগমের মেয়র দীপক মজুমদার। উপস্থিত ছিলেন মন্ত্রী বিকাশ দেবর্মা, অল ইন্ডিয়া ডিপ্লোমা ইঞ্জিনিয়ার এর সর্বভারতীয় সাধারণ সম্পাদক মনমোহন রাজবংশী প্রমুখ।

HandBall:

রাজ্যভিত্তিক অনূর্ধ্ব ১৭ হ্যান্ডবল প্রতিযোগিতার বালক এবং বালিকা উভয় বিভাগেই চ্যাম্পিয়নের শিরোপা দখল করল খোয়াই জেলা। খোয়াই দ্বাদশ শ্রেণী বিদ্যালয় মাঠে অনুষ্ঠিত তিন দিনব্যাপী রাজ্যভিত্তিক অনূর্ধ্ব ১৭ হ্যান্ডবল প্রতিযোগিতার চূড়ান্ত পর্বের খেলায় আজ বালক বিভাগে খোয়াই জেলা দল ধলাই জেলাকে এবং বালিকা বিভাগে খোয়াই জেলা দল গোমতী জেলাকে হারিয়ে চ্যাম্পিয়ন হয়। চ্যাম্পিয়ন খোয়াই জেলা দলের হাতে চ্যাম্পিয়ন ট্রফি তুলে দেন প্রতিযোগিতার পরিচালন কমিটির চেয়ারম্যান সুব্রত মজুমদার।

Chandra Memorial Football:

ত্রিপুরা ফুটবল এসোসিয়েশন পরিচালিত চন্দ্র স্মৃতি ঘরোয়া প্রথম ডিভিশন ফুটবল প্রতিযোগিতায় সুপার লিগের খেলা আজ থেকে শুরু হয়েছে। উমাকান্ত মিনি স্টেডিয়ামে বিকালে অনুষ্ঠিত এগিয়ে চলো সংঘ বনাম ব্লাডমাউথ ক্লাবের খেলাটি ১-১ গোলে ড্র হয়। ফলে উভয় দল এক পয়েন্ট করে পায়।

Weather :

আগামীকাল আকাশ সাধারণত মেঘাচ্ছন্ন থাকবে। দু এক জায়গায় বজ্রবিদ্যুৎ সহ হালকা থেকে মাঝারি পর্যায়ে বৃষ্টিপাতের সম্ভাবনা রয়েছে। তাপমাত্রা সর্বোচ্চ ৩৩ ডিগ্রি এবং সর্বনিম্ন ২৭ ডিগ্রি সেলসিয়াসের কাছাকাছি থাকবে। আজ আজ দিনের সর্বোচ্চ তাপমাত্রা ছিল ৩৩ ডিগ্রি এবং সর্বনিম্ন ২৭ দশমিক ২ডিগ্রি সেলসিয়াস। আগামী ২৪ ঘন্টায় রাজ্যের সব জেলার দু এক জায়গায় বজ্রবিদ্যুৎ সহ বৃষ্টিপাতের সতর্কতা জারি করেছে আবহাওয়া দপ্তর।
